ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৮৬৭

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: হাটহাজারী, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম (JAMEA WADUDIA SUNNIA FAZIL MADRASAH (EIIN-104451, CODE-17523) এর অধ্যক্ষের ০১.১১.২০২১ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে অনুচ্ছেদ-১৩ এর-ঙ মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৩.০৭.২০২৫ খ্রি. থেকে ২২.০৭.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

### শর্তসমূহ:

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. কামিল স্তরে পাঠদানের জন্য প্রাতিষ্ঠানিক বেতনে যোগ্যতা সম্পন্ন ০২ (দুই) জন মুহাদ্দিস নিয়োগ দিতে হবে।
৩. পুরাতন ভবন সংস্কার এবং নির্মাণাধীন একাডেমিক ভবনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
৪. মাদরাসার পুরাতন ছাত্রাবাস দ্রুত সংস্কার করতে হবে।
৫. কামিল স্তরের মৌলিক এবং রেফারেন্স গ্রন্থ দ্বারা মাদরাসার লাইব্রেরি সমৃদ্ধ করে শিক্ষার্থীদের অধ্যয়নের সুন্দর পরিবেশ নিশ্চিত করতে হবে।
৬. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর এবং দৃষ্টি নন্দন প্রধান ফটক নির্মাণ করে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
৭. সকল শ্রেণি কক্ষ, অফিস, গ্রন্থাগার এবং অন্যান্য কক্ষগুলোর নাম বাংলা, আরবি এবং ইংরেজিতে লিখতে হবে।
৮. অধ্যক্ষের কক্ষ আরো পরিপাটি এবং উপাধ্যক্ষের জন্য পৃথক কক্ষের ব্যবস্থা করতে হবে।
৯. সকল ধরনের আয়-ব্যয় ক্যাশ কলামনার বইতে যথাযথভাবে লিপিবদ্ধ করতঃ ভাউচারগুলো অভ্যন্তরীণ অডিট কমিটির মাধ্যমে নিরীক্ষার পর গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২৩/০৭/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৮৬৭ (৮)

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, শাইন হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা, হাটহাজারী, চট্টগ্রাম।
৮। অফিস নথি।

২৩/০৭/২৫
(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

CamScanner